

ভবের পাগল লিরিক্স:-

খাজার নামে পাগল হইয়া. .
ঘুরি আমি আজমির গিয়া রে,
খাজার নামে পাগল হইয়া. .
ঘুরি আমি আজমির গিয়া রে।

এত করে ডাকলাম তরে
এত করে ডাকলাম তরে,
তবু দেখা পাইলাম না,
পাগল ছাড়া দুনিয়া চলে না
পাগল ছাড়া দুনিয়া চলে না।

তুই পাগল তোর মনও পাগল
তুই পাগল তোর মনও পাগল,
পাগল, পাগল, করিস না,
পাগল ছাড়া দুনিয়া চলে না
পাগল ছাড়া দুনিয়া চলে না
পাগল ছাড়া দুনিয়া চলে না।

মুর্শিদ আছে দেশে দেশে. .
এই জগতে কত বেশে রে,
মুর্শিদ আছে দেশে দেশে. .
এই জগতে কত বেশে রে।
ধরতে পারলে পাবিরে তুই
ধরতে পারলে পাবিরে তুই,
বেহেশতেরই নজরানা
পাগল ছাড়া
পাগল ছাড়া দুনিয়া চলে না।

তুই পাগল তোর মনও পাগল
তুই পাগল তোর মনও পাগল,
পাগল পাগল করিস না
পাগল ছাড়া দুনিয়া চলে না।

Rap

দমে দমে চালি
কই পালি শই বালি
শই জালালি
পল্লীগীতি থেইকা পালাগান
আর ভাটিয়ালি
ভোম ভোলা সাই ভোম কালী দে তালি
বিডি র্‌যাপের গারদ পুরান ঢাকা কোতোয়ালি
পাগল এর দল জটলাতে
আস্তানায় মজমাতে
পট থিকা টোপলাতে
ঝোলা থেইকা পোটলাতে
আর জয় গুরু থেইকা
জয় বাবা লোকনাথে
বৈরাগী আন্ডারগ্রাউন্ড

কলিকাতার ভূতনাথে
শই জালাল
লাল কাপড় ভ্যাকে
বিল এর ভিতরে ভাঙি মানে হিল এর
উপরে মিল কইরা ঝিলপাড়ের জঙ্গলের,
মর্ডান কবি লেখে
আর ছাইড়া দিলে যেমনে পুরা দেশবাসী দেখে
জ জ জয় ভান্ডারী চিটাগাইংগা ব্যাকে
ধুঁয়ার চোটে কানা যেমনে নারিকেলের ধূপ মাইরা সেট
পাগলার কথা বাড়তি জালালি গ্রুপ এক এর
আর শনি থেইকা লইয়া সোজা গুরুবারে ঠ্যাকে

মাটির বাংলার শ্যামলা চামড়ার
মাঝি মালা কৃষি কামলা
মর্জিনার দেওয়ানা
যাযাবর যতটি জটা পাগলা
চোলের তালে হেইলা দুইলা
নাইচা গাইয়া হাইসা খেইলা
জাল্লে জালালি জালা
ভবের বাড়ির জোলাভাত
গানের পাগল জাতের পাগল
জুইতের পাগল ভাতের পাগল
গোলে পাগল মালে পাগল
বাক্সে বন্দী লক্ষ পাগল
ভবের পাগল রবের পাগল
এ দুনিয়ার সবই পাগল
জাল্লে জালালি জালা
জাল্লে জালালি শই।

তুই পাগল, তোর মনও পাগল
তুই পাগল, তোর মনও পাগল
পাগল, পাগল, করিস না
পাগল ছাড়া দুনিয়া চলেনা
পাগল ছাড়া দুনিয়া চলেনা
পাগল ছাড়া দুনিয়া চলেনা
পাগল ছাড়া দুনিয়া চলেনা।।